ইত্তেফাক



তারিখ ... ...23।5।85...
পৃষ্ঠা... .. ... 3 কলাম... 1.. ...

# বেসরকারী স্কুলে বিজ্ঞান শিক্ষায় ১৩৩ কোটি টাকার পরিকল্পনা

সরকার দেশের বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে বিজ্ঞান শিক্ষার উন্নয়নের জন্য ১৩৩ কোটি টাকা ব্যয়সাপেক্ষ এক ব্যাপক পরিকল্পনার কাজ হাতে লইয়াছেন।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রের বরাত দিয়া বাসস জানায়, এই পরিকল্পনার আওতায় দুই শত মাদ্রাসাও থাকিবে। সংবাদসূত্রে বলা হয়, সরকার ধর্মীয় ও সাধারণ শিক্ষার মধ্যেকার বিরাজমান ব্যবধান দূর করিয়া একটি অভিন্ন শিক্ষাপদ্ধতি উদ্ভাবনে সংকল্পবদ্ধ। এজন্য নানা মঞ্জুরী ও বরাদ্দদানের মাধ্যমে দেশের মাদ্রাসাগুলিতে বিজ্ঞান শিক্ষার সুযোগ-সুবিধা ও সরঞ্জামে সজ্জিত করা হইতেছে।

এদিকে শিল্প সচিব কাজী জালালউদ্দিন আহমদ গত রবিবার শর্ষিনার দারুস সুন্নাত আলীয়া মাদ্রাসা কর্তৃপক্ষের হাতে ১০ হাজার ডলারের একটি চেক হস্তান্তর করে। মাদ্রাসায় বিজ্ঞান শিক্ষা উন্নয়ন সংক্রান্ত ইসলামী সংহতি তহবিল এই অর্থ প্রদান করে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এস এস এম লুৎফুল হক এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা পরিদপ্তরের পদস্থ কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।